

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক ১ম ও ২য় প্রান্তিক (অর্ধ-বার্ষিক) প্রেরিত প্রতিবেদনের উপর ফিডব্যাক সভার কার্যবিবরণী

সভাপতি : ড. নাহিদ রশীদ
সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
তারিখ ও সময় : ১৮/০১/২০২৩; দুপুর: ০১.০০ ঘটিকা।
স্থান : সভাকক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
উপস্থিতি : সংযুক্ত (পরিশিষ্ট-ক)।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব এবং শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির সভাপতি ড. নাহিদ রশীদ এর সভাপতিত্বে দপ্তর/সংস্থা কর্তৃক শুদ্ধাচার বিষয়ক ১ম ও ২য় প্রান্তিকের প্রেরিত প্রতিবেদনের উপর অর্ধ-বার্ষিক মূল্যায়ন/ফিডব্যাক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্ত (পরিশিষ্ট-ক)।

- ০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই দপ্তর/সংস্থা কর্তৃক প্রেরিত প্রতিবেদনের উপর আলোচনা করা হয়। শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ হেলায়েত হোসেন সভায় আলোচ্য বিষয়বস্তু উপস্থাপন করেন।
মৎস্য অধিদপ্তর: মৎস্য অধিদপ্তর হতে প্রেরিত কর্মপরিকল্পনার অংশ হিসেবে ১ম ও ২য় প্রান্তিক (অর্ধবার্ষিক) এর অর্জন সন্তোষজনক। সকল ক্রমিকের বিপরীতে যথাযথ প্রমাণক প্রদান করা হয়েছে এবং তথ্যবাতায়ন হালানাগাদ রয়েছে।
প্রাণিসম্পদ অধিদপ্তর: এ দপ্তর হতে প্রেরিত ১ম ও ২য় প্রান্তিকের ২.৪ ক্রমিকের PSC/PIC সভা আয়োজনের প্রমাণক প্রদান করা হয়নি। ওয়েবসাইটে নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী আপলোড করা হয়নি।
বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন: বিএফডিসি কর্তৃক প্রমাণকসহ প্রতিবেদন ই-মেইল এর মাধ্যমে প্রেরণ করা হয়েছে।
বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট: বিএফআরআই কর্তৃক প্রেরিত কর্মপরিকল্পনা ১.৫, ২.১ ও ২.৪ ক্রমিকের ১ম কোয়ার্টারের কোন প্রমাণক প্রদান করা হয়নি। ৩.৩ ক্রমিকের কেন্দ্র ও উপকেন্দ্রের রেঞ্জ/পোনা বিপন্ন কার্যক্রম পরিবীক্ষনের কোন প্রমাণক প্রদান করা হয়নি এবং ৩.৪ ক্রমিকের প্রেরিত প্রমাণকের তারিখের সাথে প্রতিবেদনের উল্লেখিত তারিখের মিল পাওয়া যায়নি।
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট: বিএলআরআই কর্তৃক প্রেরিত কর্মপরিকল্পনার ১.৬ সংক্রান্ত কোন তথ্য/প্রমাণক নেই। এবং ৩.২ ক্রমিকের ১ম ও ২য় প্রান্তিকের অর্জনের কোন প্রমাণক নেই। বিএলআরআই এর ওয়েবসাইটে বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্য নেই।
মেরিন ফিশারিজ একাডেমি: অত্র একাডেমি কর্তৃক প্রেরিত কর্মপরিকল্পনার ২.২ ও ৩.৪ ক্রমিকের প্রমাণক প্রদান করা হয়নি এবং তথ্যবাতায়ন হালানাগাদ রয়েছে।
বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল: অত্র সংস্থা কর্তৃক প্রেরিত কর্মপরিকল্পনার অংশ হিসেবে ১ম ও ২য় প্রান্তিক (অর্ধবার্ষিক) এর অর্জন সন্তোষজনক। ১.৫ ব্যতীত সকল ক্রমিকের যথাযথ প্রমাণক প্রদান করা হয়েছে এবং তথ্যবাতায়ন হালানাগাদ রয়েছে।
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর: তথ্য দপ্তর কর্তৃক প্রেরিত কর্মপরিকল্পনার ১.৪ এ বর্ণিত সভা ১ম প্রান্তিকের পরিবর্তে ২য় প্রান্তিকে অনুষ্ঠিত হয়েছে এবং ২.১, ২.৩ ক্রমিকের প্রমাণক প্রদান করা হয়নি।

০৩। সিদ্ধান্তঃ

- (১) মৎস্য অধিদপ্তর এর সকল প্রমাণক কর্মপরিকল্পনা অনুযায়ী যথাযথভাবে প্রেরিত হওয়ায় মৎস্য অধিদপ্তরকে ধন্যবাদ প্রদান করা হয়।
- (২) যেসকল সংস্থার ১ম ও ২য় প্রান্তিকের প্রেরিত প্রতিবেদনের স্বপক্ষে প্রমাণক পাওয়া যায়নি সেসকল দপ্তর/সংস্থা-কে দ্রুত প্রমাণক দাখিলের নির্দেশনা প্রদান করা হয়।
- (৩) সকল দপ্তর/সংস্থার তথ্য-বাতায়ন নিয়মিত হালনাগাদ করাসহ ৩য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ড. নাহিদ রশীদ)

সচিব

ও

সভাপতি

জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটি